

**রূপালী ব্যাংক লিমিটেড -এর 'জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন' বিষয়ক 'নৈতিকতা কমিটির' গত ০৫/০১/২০২১  
তারিখে আয়োজিত 'ভিডিও কনফারেন্স' ভিত্তিক ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ, ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও

তারিখ, সময় স্থান : ০৫/০১/২০২১ খ্রিঃ, দুপুর – ১২.০০ ঘটিকা, প্রধান কার্যালয়, ঢাকা।

**(Zoom App এর মাধ্যমে 'ভিডিও কনফারেন্স' ভিত্তিক ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়েছে)**

উপস্থিত নির্বাহী কর্মকর্তাবৃন্দঃ ভিডিও কনফারেন্সে উপস্থিত সদস্যবৃন্দ, নৈতিকতা কমিটি, রূপালী ব্যাংক লিঃ (তালিকা সংযুক্ত)।

সভাপতি মহোদয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ প্রণীত 'জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy - NIS)' বাস্তবায়ন বিষয়ক নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর, ২০২০) ভিত্তিক অগ্রগতি পর্যালোচনা সভা 'ভিডিও কনফারেন্স' (Zoom App) -এর মাধ্যমে সূচনা করার অনুমতি প্রদান করেন।

সভাপতির অনুমোদনক্রমে "জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো, ২০২০-২০২১"-এর কার্যক্রম ভিত্তিক লক্ষ্যমাত্রা সমূহের বাস্তবায়ন অগ্রগতির উপর উপ-ব্যবস্থাপনা পরিচালকবৃন্দ, মহাব্যবস্থাপকবৃন্দ এবং প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানগণ বিস্তারিত আলোচনা করেন। আলোচনা শেষে সভাপতি মহোদয়ের অনুমোদনক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। কার্যক্রমের ক্রমিক নং ২.৩ (শিরোনামঃ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চাকরি সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন) এবং ২.৪ (শিরোনামঃ কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে সুশাসন সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ আয়োজন) -এর ক্ষেত্রে অনলাইন প্রশিক্ষণ চলমান থাকায় ধারাবাহিকভাবে গত দুই প্রান্তিকের অর্জন লক্ষ্যমাত্রার চেয়ে অনেক বেশী এবং ব্যয় সাশ্রয়ী হয়েছে।

০২। কার্যক্রমের ক্রমিক নং ৭.১ (শিরোনামঃ পিপিএ ২০০৬-এর ধারা ১১(২) ও পিপিআর ২০০৮-এর বিধি ১৬(৬) অনুযায়ী ২০২০-২১ অর্থ-বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ) -এ নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে দায়িত্বপ্রাপ্ত বিভাগ পরিবর্তন করা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে ব্যয় খাতে দৃষ্টান্তমূলক স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে এ ব্যাংকের প্রধান কার্যালয়ে "প্রকিউরমেন্ট বিভাগ" গঠিত হয়, যা শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের একটি সম্যক দৃষ্টান্ত। এক্ষেত্রে, নতুন বিভাগের অধীনে ক্রয়-পরিকল্পনা দ্রুত প্রকাশিত হবে।

০৩। কার্যক্রমের ক্রমিক নং ৯.১ (শিরোনামঃ আইটি ভিত্তিক অনলাইন অডিট কার্যক্রম পরিচালনা) -এ বাৎসরিক লক্ষ্যমাত্রা গত ০৫/১০/২০২০ তারিখে অনুষ্ঠিত শুদ্ধাচার বিষয়ক 'নৈতিকতা কমিটি'-এর সভায় সংশোধন করা হয়েছে। কিন্তু, অনলাইন ভিত্তিক নিরীক্ষা কার্যক্রম পরিচালনার জন্য প্রযুক্তিগত আনুষঙ্গিক প্রস্তুতি গ্রহণ তুলনামূলকভাবে সময় সাপেক্ষ হচ্ছে বিধায় ২য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। আগামী ৩য় ও ৪র্থ প্রান্তিকে সকল বকেয়া সহ চলতি লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে সংশ্লিষ্ট নিরীক্ষা কর্তৃপক্ষ আশাবাদী।

০৪। কার্যক্রমের ক্রমিক নং ৯.৩ (শিরোনামঃ ই-নথি সিস্টেম বাস্তবায়ন) -এ নির্ধারিত লক্ষ্যমাত্রা ২য় প্রান্তিকে অর্জিত হয়নি, কারণ সরকারি 'এটুআই প্রোগ্রামের' আওতাধীন "ই-নথি সিস্টেম"-এর কেন্দ্রীয় সার্ভার প্রতিস্থাপনের কাজ চলমান থাকায়, এ ব্যাংকের ই-নথি লাইভ কার্যক্রম সাময়িক বন্ধ রাখা হয়েছে। সরকারি সার্ভার হালনাগাদ করণ শেষে এ ব্যাংকের ই-নথি লাইভ কার্যক্রম পুনরায় চালু করা হলে বকেয়া সহ চলতি লক্ষ্যমাত্রা অর্জিত হবে বলে সংশ্লিষ্ট নিরীক্ষা কর্তৃপক্ষ আশাবাদী।

পরিশেষে সভাপতি মহোদয় ভিডিও কনফারেন্সে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ ওবায়দ উল্লাহ আল মাসুদ)

ম্যানেজিং ডিরেক্টর এন্ড সিইও

এবং

সভাপতি, নৈতিকতা কমিটি

রূপালী ব্যাংক লিমিটেড